

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২৮, ২০১৩

৩য় খণ্ড

প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজাপনসমূহ

প্রতিরক্ষা মন্ত্রণালয়

প্রজাপনসমূহ

তারিখ, ২৫ আশ্বিন ১৪২০/১০ অক্টোবর ২০১৩

নং প্রম/মিস্ট/পদো-১/১১/ডি-৭/৫০৯—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ মিলিটারী ইনসিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজিতে (এমআইএসটি) এর প্রভাষক (টেকনিক্যাল) ফাহিম হাসান খান, ব্যক্তিগত নম্বর ১০৬০৯-কে সহকারী অধ্যাপক পদে জাতীয় বেতন ক্ষেত্র, ২০০৯ অনুযায়ী ১৮,৫০০—২৯,৭০০ (৬ষ্ঠ ছেড়ে) টাকার বেতনক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তে পদোন্নতি প্রদান করা হলো :

শর্তাবলী :

- (ক) মিলিটারী ইনসিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজিজ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৫ অনুযায়ী কর্মকর্তাগণ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ থেকে ১ (এক) বছরের জন্য শিক্ষানবিস হিসাবে থাকবেন তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এ শিক্ষানবিসকাল একুপ সম্প্রসারণ করতে পারেন, যাতে বর্ধিত মেয়াদ ২ (দুই) বছরের অধিক না হয়।
- (খ) শিক্ষানবিস থাকাকালে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাঁকে পূর্বপদে প্রত্যাবর্তন করাতে পারেন।
- (গ) শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে শেষ হওয়ার পর নিয়োগ বিধিমালার ৬(৪) বিধান মতে তাঁকে চাকুরিতে স্থায়ীকরণের বিষয়টি বিবেচনা করা হবে।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং উহা অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ৭ কার্তিক ১৪২০/২২ অক্টোবর ২০১৩

নং প্রম/স্বা: অ:-২/১০/ডি-৭/৫১৪—বাংলাদেশ বিমান বাহিনীর ক্ষেয়াত্ত্বন লীডার মোঃ শামসুর রহমান (বিডি/৮৪৬৪), এডিডিলিউসি-কে বিমান বাহিনী অ্যাস্ট্র রুল-২৪(৯) অনুযায়ী অবসর গ্রহণের অনুমোদন প্রদান করা হলো।

২। প্রচলিত বিধি অনুসারে তিনি পেনশন ও অন্যান্য সুবিধাদি প্রাপ্ত্য হবেন।

নং প্রম/বর/অব:/০২/ডি-৭/৫১৫—বাংলাদেশ বিমান বাহিনীর ফ্লাইট লেফটেন্যান্ট মোঃ মাহমুদুল্লাহ (বিডি/৮৮২১), জিডি (পি)-কে ১৬ নভেম্বর ২০০৫ তারিখ থেকে বরখাস্তের পরিবর্তে বিমান বাহিনী এ্যাস্ট্র রুল, ১৯৫৭ এর রুল-১৮(২) অনুযায়ী বিমান বাহিনীর চাকুরি থেকে বাধ্যতামূলক অবসর প্রদান করা হলো।

২। প্রচলিত বিধি অনুযায়ী তিনি শুধুমাত্র ঘাচ্যাইটি প্রাপ্ত্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শামীম আল মামুন
উপ-সচিব।

প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ৮ কার্তিক ১৪২০/২৩ অক্টোবর ২০১৩

নং ১দ-১১/৯৬/ডি-১৪/২৫০—পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বাংলাদেশ বিমান বাহিনীর কর্মকর্তা এয়ার কমডোর সাইফ সিদ্দিকী, এনডিসি, পিএসসি (বিডি/৭৭৩০), জিডি (পি)-কে রাশিয়ার মক্ষেতে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে প্রতিরক্ষা উপদেষ্টা হিসেবে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হল :

- (ক) তিনি উক্ত পদে নিয়োজিত থাকাকালীন মিনিস্টার-এর কূটনৈতিক মর্যাদা প্রাপ্ত হবেন;
- (খ) তিনি বেতন-ভাত্তাদি, বৈদেশিক ভাতা, যাতায়াত ভাতা, চিকিৎসা সুবিধা, বাসস্থান, ব্যক্তিগত মালামাল পরিবহন এবং আনুষঙ্গিক খরচ প্রচলিত আইন ও বিধি মোতাবেক প্রাপ্ত হবেন;
- (গ) এ নিয়োগ সংক্রান্ত ব্যয় ডিজিএফআইয়ের ২০১৩-২০১৪ অর্থ বৎসরের বাজেটের “প্রতিষ্ঠান কোড-১৯৩৫ আন্তঃবাহিনীসমূহ পরিচালনা কোড-০০৯০ প্রতিরক্ষা অ্যাটাচী খাত” থেকে নির্বাহ হবে;
- (ঘ) প্রতিরক্ষা উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকাকালে তাঁর চাকরি বাংলাদেশ বিমান বাহিনীতে বহাল থাকবে;
- (ঙ) কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে কোনৱে অধিম অর্থ গ্রহণ করা হলে তা ভ্রমণ শেষে বিলের মাধ্যমে সমন্বয় করতে হবে;
- (চ) এয়ার কমডোর সাইফ সিদ্দিকী, এনডিসি, পিএসসি (বিডি/৭৭৩০), জিডি (পি) পরিবারসহ (স্ত্রী আফরোজা সাইফ, পুত্র আদিব সিদ্দিকী ও আকিব সিদ্দিকী এবং গৃহপরিচারক মোঃ লাবণ্য রহমান) রাশিয়া গমন করতে পারবেন।
- (ছ) গৃহপরিচারক সঙ্গে নেয়ার ব্যাপারে সংশ্লিষ্ট প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হল এবং অবিলম্বে তা কার্যকর হবে।

তারিখ, ১২ কার্তিক ১৪২০/২৭ অক্টোবর ২০১৩

নং ১নি-৩/বিএনসিসি/ডি-১৪/অংশ/২৫০—পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বিএনসিসি'র চট্টগ্রামের কর্ণফুলী রেজিমেন্টের ব্যাটালিয়ন এ্যাডজুটেট হিসেবে নিয়োজিত সেনাবাহিনীর কর্মকর্তা বিএ-৩১৪৫ মেজর মোঃ শফিকুর রহমান, এএসসি-কে বিএনসিসি'র চট্টগ্রামের কর্ণফুলী রেজিমেন্ট থেকে ঢাকার রমনা রেজিমেন্টে নিয়োগ/বদলী করা হল।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ জাহিদুল ইসলাম
যুগ্ম-সচিব।

প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ১২ কার্তিক ১৪২০/২৭ অক্টোবর ২০১৩

নং প্রম/সাঃস/অ-অ/১০/ডি-১৮(অংশ)/৫১৭—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৬৪২১ মেজর মোহাম্মদ মুর্জা করিম, আর্টিলারি-কে বাংলাদেশ আর্মি অ্যাস্টেন্ট সেকশন-১৮, আর্মি অ্যাস্টেন্ট (রঞ্জস্য) ১২(১), আর্মি রেগুলেশন্স (রঞ্জস্য) ৭৮(সি), ২৫৩(সি)(ii), ২৬১, সংশোধিত আর্মি রেগুলেশন্স (রঞ্জস্য) ২৬২(৪), আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৮ (বি) এবং কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন-১৯৮১, রঞ্জ ৯(ক) অনুযায়ী অকালীন অবসর প্রদান করা হল।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং প্রম/সাঃস/অ-অ/১২/ডি-১৮/৫১৮—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-২৮৬৯ মেজর ইকবাল শাহরিয়ার, পিএসসি, জি, আর্টিলারি-কে বাংলাদেশ আর্মি অ্যাস্টেন্ট সেকশন-১৮, আর্মি অ্যাস্টেন্ট (রঞ্জস্য) ১২(১), আর্মি রেগুলেশন্স (রঞ্জস্য) ৭৮(সি), ২৫৩(সি)(ii), ২৬১, সংশোধিত আর্মি রেগুলেশন্স (রঞ্জস্য) ২৬২(৪), আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৮ (বি) এবং কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন-১৯৮১, রঞ্জ ৩ ও ৯(ক) অনুযায়ী অকালীন অবসর প্রদান করা হল।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ আবু বকর ছিদ্রিক
যুগ্ম-সচিব।